# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৫

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ কোন নারী যখন নাপাকীর গোসল করবে, তখন তার জন্য বৈধ হলো বেনী না খুলে গোসল করা

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْأَةِ إِذَا كَانَتْ جُنُبًا تَرْكَ حَلِّهَا ضَفْرَةَ رَأْسِهَا عِنْدَ اغْتِسَالِهَا مِنَ الْجَنَابَةِ

আরবী

1195 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ أَيُّوبَ بْنِ مُوسَى عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا قَالَتْ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنِّي امْرَأَةٌ أَشُدُّ ضَفْرَ رَأْسِي أفأَحُلُّه لِغُسْلِ الْجَنَابَةِ؟ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّمَا يَكْفِيكِ أَنْ تَحْثِي عَلَى رَأْسِكِ ثَلَاثَ حَثَيَاتٍ مِنْ مَاءٍ ثُمَّ تُفِيضِي عَلَيْكِ الْمَاءَ فَإِذَا أَنْتِ قَدْ طهرْتِ)

الراوي : أُمِّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1195 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১১৯৫. উম্মু সালামা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, “আমি এমন নারী যে, আমি আমার মাথার চুল শক্ত করে বেনী করি, আমি কি নাপাকী গোসলের জন্য তা খুলে ফেলবো?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “তোমার জন্য যথেষ্ট হলো তুমি তোমার মাথার উপর তিন অঞ্জলি পানি দিবে তারপর তোমার পুরো শরীরের উপর পানি প্রবাহিত করবে। এভাবেই তুমি পবিত্র হয়ে যাবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৭৩; মুসনাদ আহমাদ: ৬/২৮৯; সহীহ মুসলিম: ৩৩০; আবূ দাঊদ: ২৫১; তিরমিযী: ১০৫; নাসাঈ: ১/১৩১; ইবনু মাজাহ: ৬০৩; ইবনুল জারুদ, আল মুনতাকা: ৯৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৫১; হুমাইদী: ২৯৪; তাবারানী আল কাবীর:

২৩/৬৫৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১০৪৬; সুনান বাইহাকী: ১/১৮১; দারেমী: ১/২৬৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৪৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90509

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন